ফোন করলেই ফ্রি তে বাড়ি পৌছে দিবে অক্সিজেন ঝিনাইদহ জেলা বিএনপি

‘ভীড়ে নয়, নীড়ে থাকুন, বাসার বাইরে গেলে মাস্ক পরুন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে করোনায় আক্রান্ত রোগীদের জন্য ফ্রি অক্সিজেন সেবা কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে শহরের এইচ এস এস সড়কের জেলা বিএনপির কার্যালয়ে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা বিএনপির আহবায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। এ সময় সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, যুগ্ম আহবায়ক আব্দুল মালেক, আক্তারুজ্জামান, জাহিদুজ্জামান মনা, পৌর বিএনপির আহবায়ক আব্দুল মজিদ বিশ্বাস, সদস্য সচিব মাহবুবুর রহমান শেখর, থানা বিএনপির আহবায়ক মুন্সি কামাল আজাদ পান্নু ও থানা বিএনপির সদস্য সচিব আলমগীর হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

জেলা বিএনপির পক্ষ থেকে বলা হয়েছে, ১৫ টি অক্সিজেন সিলিন্ডার সব সময় প্রস্তুত রাখা হয়েছে। একটি মেডিকেল টিম এই অক্সিজেন সেবা কার্যক্রম পরিচালনা করবেন। করোনায় আক্রান্ত মুমুর্ষ রোগীরা মোবাইলে যোগাযোগ করলে তাদের বাড়িতে পৌঁছে দেওয়া হবে এই অক্সিজেন সিলিন্ডার।

অক্সিজেন ফুরিয়ে গেলে আবার নতুন করে দেওয়া হবে। তারুণ্যের অহংকার ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমানের সার্বিক নির্দেশনায় এই সেবা কার্যক্রম পরিচালিত হচ্ছে বলে জেলা বিএনপির সদস্য সচিব এড এম এ মজিদ জানান। জরুরী প্রয়োজনে ০১৯১১-১৩৩৫০৯, ০১৭৭৬-২৫৩০৪৮, ০১৭১১-৩৫২৯৮৩, ০১৯২৮-৭০৪৯৪৭ এই নম্বারের মোবাইলে যোগাযোগ করার জন্য বলা হয়েছে। ফোনে জানানোর সাথে সাথে সিলিন্ডার বাড়িতে পৌঁছে দেওয়া হবে বলেও বিএনপি নেতা মজিদ জানান।

অসহায় রনজু খাতুনের পাশে দাড়ালেন ইউএনও এসএম শাহীন

পত্রিকা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে খবর প্রকাশের পর অসহায় বিধবা রনজু খাতুনের পাশে দাঁড়িয়েছেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীন। তিনি সোমবার ওই বিধবা নারীর হাতে এক মাসের খাদ্য সামগ্রী ও নগদ অর্থ তুলে দেন এবং নতুন প্রকল্প আসলে নতুন বাড়ি নির্মাণের প্রতিশ্রুতি দেন।

সুত্রমতে রনজু খাতুনের স্বামী মারা যাওয়ার পর থেকে সে বিভিন্ন মানুষের বাড়ীতে কাজ করতেন। এখন বয়স হয়েছে। কাজ করতে পারেন না। মাথা গোজার একখন্ড জমি বা ঘরও নেই তার। পরের জমিতে রনজু খাতুন নাতি-নাতনী নিয়ে বসবাস করেন। অসচ্ছল পরিবার হওয়ায় দিন চলে অর্ধাহারে অনাহারে।

রনজু খাতুন তার স্বামী মারা যাওয়ার পর পাগলাকানাই ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বরদের কাছে একাধিকবার ঘুরেও কোন সরকারি প্রণোদনা পাননি।

এ নিয়ে বিভিন্ন দৈনিকে খবর প্রকাশিত হলে বিষয়টি স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তার নজরে পড়ে। তিনি সাংবাদিকদের মাধ্যমে ওই নারীর খোঁজ-খবর নিয়ে তার পাশে দাঁড়ানোর আগ্রহ প্রকাশ করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এসএম শাহীন ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল হাই সিদ্দিকী তার বিধবা ভাতার কার্ডও করে দেন।

কোটচাঁদপুরে নির্মাণাধীন ৫০ শয্যা হাসপাতালের কাজে অনিয়ম!

কাজ বন্ধ করলেন মেয়র

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নির্মাণাধীন ৫০ শয্যা হাসপাতালের বর্ধিতকরণের মূল ভবনের কাজে নিম্মমানের নির্মাণ সামগ্রী ব্যবহার ও কাজে কারচুপির আশ্রয় নেওয়ায় নির্মাণ কাজ বন্ধ করলেন স্থানীয় পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।

রবিবার সকালে স্থানীয়দের অভিযোগ পেয়ে নির্মানাধীণ ৫০ শয্যা হাসপাতাল ভবন পরিদর্শনে যান। ঘটনাস্থলে যেয়ে মেয়র দেখেন নিম্ন মানের বালি ও ঢালাই কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রী ব্যবহারে কারচুপি করা হচ্ছে। এসময় তিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের দায়িত্বরত লোকজনকে কাজ বন্ধ করতে বলেন। বিষয়টি নিশ্চিত করেছেন, কাজের তদারকির দায়িত্বে থাকা সহ প্রকৌশলী আব্দুর রহিম। এ খবর লেখা পর্যন্ত নির্মানাধীণ ৫০ শয্যা হাসপাতাল ভবনের কাজ বন্ধ ছিল।

সূত্রে জানাযায়, ২০২০ সালে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্য থেকে ১’শ শয্যা বিশিষ্ট উন্নতিকরণে নির্মানাধীণ ৫০ শয্যা হাসপাতালের বর্ধিতকরণের মূল ভবনের কাজ শুরু হয়। যা, অনিক ট্রেডিং কর্পোরেশন নামে ঢাকার একটি ঠিকাদারী প্রতিষ্ঠান ভবন নির্মাণের কাজ করছে। ২ বছর মেয়াদে কাজের শুরু থেকেই নানা অনিয়ম ও কারচুপির অভিযোগ উঠে। নিম্মমানের বালি, ঢালাইয়ে কুচি পাথর ব্যবহার না করা, এমনকি সিডিউল অনুযায়ী কাজ না করার অভিযোগের খবর পাওয়া যায়।

২৬ কোটি ৯৬ লক্ষ ৩’শ ৯৫ টাকা ব্যায়ে নির্মিত কাজে নার্স ডরমেটরী ৫ম তলা, কনসালটেন্ট ভবন ৫ম তলা, ডক্টরস্ কোয়াটার ৪র্থ তলা (ভার্টিকাল ২য় তলা), নার্স কোয়াটার ৪র্থ তলা (১তলা সম্প্রসারন) ভবন নির্মান কাজ শুরু হয়।

এরই মধ্যে বিভিন্ন সময়ে কাজের অনিয়ম ও কারচুপির অভিযোগ উঠলেও সংশ্লিষ্ট স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এ বিষযে কোন ব্যবস্থা গ্রহন করেননি। স্থানীয় পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবন পরিদর্শনে গিয়ে নিম্মমানের কাজ দেখতে পেয়ে ঠিকাদারী প্রতিষ্ঠানের দায়িত্বরত লোকজনকে নির্মাণ কাজ বন্ধ রাখার নির্দেশ দেন।

দর্শনা কলেজপাড়ার রাস্তটি ক্ষতিগ্রস্থ! মারাত্মক ঝুঁকি নিয়ে মানুষের চলাচল

দর্শনা পৌরসভা এলাকা কলেজপাড়ার রাস্তটি মারাত্মক ক্ষতিগ্রস্থ ঝুঁকি নিয়ে মানুষ চলাচল করছে। দর্শনা পৌরসভার সামনের বটতলা থেকে দর্শনা মুজিবনগর সড়ক পর্যন্ত চলাচলকারী কলেজ পাড়ার রাস্তাটি মারত্মক ঝুকিপূর্ণ হয়ে পড়েছে। প্রায় ৪শত মিটার এ রাস্তটির মাঝখান থেকে ড্রেন রয়েছে।

ফলে ড্রেনের উপরের স্লাবগুলো দীর্ঘ প্রায় দেড় বছর ধরে অর্ধেক করে ভেঙ্গে রড বেরিয়ে গেছে। ফলে কলেজ পাড়ার এ গুরুত্বপূর্ণ রাস্তাটি এখন মরন ফাঁদ হয়ে দাঁড়িয়েছে।

এলাকাবাসী জানাই দীর্ঘদিন ধরে এ রাস্তাটি স্লাবগুলো ভেঙ্গে গেলেও দেখার যেন কেউ নেই। এ বিষয় ৬ নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র রেজাউল জানান জানান এ রাস্তার বিষয় আমি মেয়র ও ইঞ্জিনিয়াকে জানিয়েছি। তবে তিনি আমাকে জানিয়েছে অচিরেই স্লাবগুলো নিমার্ন করে দেওয়া হবে।

দামুড়হুদায় ইসলামি ফাউন্ডেশন কর্তৃক কেন্দ্র পরিচালনাকারীদের মাঝে

প্রধানমন্ত্রীর খাদ্য সহায়তা প্রদান

দামুড়হুদায় ইসলামিক ফাউণ্ডেশন কর্তৃক মসজিদ ভিত্তিক গণশিক্ষা কার্যক্রমের সকল শিক্ষক, আলেম, ওলামাদের মাাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার খাদ্য সহায়তা উপহার প্রদান করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বৈশ্বিক কোভিড-১৯ পরিস্থিতি, করোনার প্রকোপ বৃদ্ধি পাওয়ার কারণে উপজেলা প্রশাসন উপজেলা ইসলামি ফাউন্ডেশনের কেন্দ্র পরিচালনাকারী ১৪৯ জন ব্যাক্তির মধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার খাদ্য সহায়তা বিতরণ করা হয়।

রবিবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে মসজিদ ভিত্তিক গণশিক্ষা কার্যক্রমের অন্তর্ভুক্ত ব্যাক্তিদের মধ্যে প্রধানমন্ত্রী দেওয়া উপহারের এ খাদ্য সহায়তা তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। খাদ্য সহায়তা বিতরণ কালে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন,করেনার ভয়ানক পরিস্থিতি মোকাবিলা জনসাধারণের সহযোগিতা সবচেয়ে বেশি প্রয়োজন।

আসুন আমার নিজ ও পরিবারের প্রিয় মানুষগুলে কে সুরক্ষিত রাখতে স্বাস্থ্য বিধি সহ সরকারের দেওয়া সকল নির্দেশনা মেনে চলি। করোনা পরিস্হিতি নিয়ন্ত্রণে সকলের অক্লান্ত পরিশ্রম তখনই সার্থক হবে যখন সাধারণ মানুুষ, আইন মেনে চলবে, আইনের প্রতি শ্রদ্ধাশীল হবেন। লকডাউন কার্যক্রম বাস্তবায়নে সকলে সচেষ্ট ভূমিকা পালন করলে আমরা সবাই সফল হবো ইনশাআল্লাহ।

করোনা সংক্রমন রোধে শক্ত

অবস্থানে মুজিবনগর উপজেলা প্রশাসন

দেশব্যাপি করেনার উর্ধ্বগতি রোধে ১ লা জুলাই জারিকৃত কঠোর লকডাউন বাস্তবায়নে শক্ত অবস্থানে মুজিবনগর উপজেলা প্রশাসন। মুজিবনগর ভারতীয় সীমান্তবর্তী উপজেলা হওয়ার কারণ সংক্রমনের হার দিনদিন বৃদ্ধি পাচ্ছে।

মুজিবনগর স্বাস্থ কমপ্লেক্স এর তথ্য অনুযায়ী গত এক সপ্তাহে উপজেলায় ৪৮ জন করোনা আক্রান্ত হয়েছে। আক্রান্তের হার প্রায় ৩৫% এবং মৃত্যু হয়েছে ৬ জনের।

মুজিবনগর উপজেলায় করোনা সংক্রমন রোধে লকডাউন বাস্তবায়নে লোকজনকে ঘরে রাখতে শক্ত অবস্থান নিয়েছে উপজেলা প্রশাসন। উপজেলার মোড়ে মোড়ে স্থাপন করা হয় পুলিশ চেকপোষ্ট। সকাল থেকে চলতে থাকে পুলিশি তৎপরতা।

প্রতন্ত গ্রামের ওলিগলি ও বাজার গুলোতে প্রতিদিন সকাল থেকে রাত পর্যন্ত জনসমাগম বন্ধ করতে নিরলস অভিযান পরিচালনা করছে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুল আলম, মুজিবনগর থানা ইনচার্য আব্দুল হাশেম, বাংলাদেশ সেনাবাহিনী, বিজিবি, আনসার ব্যাটেলিয়ন ও থানা পুলিশের সদস্যবৃন্দ।

রবিবার বেলা সাড়ে ১২ টা পর্যন্ত গত ৪ দিনে লকডাউন বাস্তবায়নে বিধিনিষেধ ভঙ্গ করায় মোবাইল কোর্ট এর মাধ্যমে নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বিভিন্ন সময়ে ২৩ জন কে ১০,৯০০ টাকা জরিমানা করেন। একই সময়ে সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুল আলম মোবাইল কোর্ট এর মাধ্যমে ১৩ জন কে জরিমানা করে ১১,৯০০ টাকা আদায় করে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার সবাইকে অহেতুক ঘুরাঘুরি ও আড্ডা পরিহার করার জন্য অনুরোধ জানান।এসময় বিভিন্ন পয়েন্টে লকডাউন বাস্তবায়নে মুজিবনগর থানার পুলিশ সদস্যদের নিরলসভাবে পরিশ্রম করার জন্য এবং মুজিবনগর উপজেলায় করোনা সংক্রমন রোধে লকডাউন বাস্তবায়নে সহযোগীতার জন্য বিজিবি,পুলিশ,আনসার ব্যাটেলিয়ন রাজনৈতিক নেতৃবৃন্দ ও সাংবাদিকদের

ধন্যবাদ জানান। করোনা সংক্রমন রোধে লকডাউন বাস্তবায়নে উপজেলা প্রশাসনে ভ্রাম্মমান অভিযান অব্যাহত থাকবে বলে তিনি জানান।

ঝিনাইদহে দ্বায়িত্ব পালনের সময় পুলিশের হেনস্তার শিকার দুই সাংবাদিক

ঝিনাইদহে পেশাগত দ্বায়িত্ব পালনের সময় পুলিশের হাতে আব্দুল্লাহ আল মাসুদ ও মিরাজ জামান রাজ নামে দুই সাংবাদিক হেনস্তার স্বীকার হয়েছেন। এসময় পুলিশ তাদের ব্যবহৃত মোবাইল ফোন কেড়ে নেয়। আব্দুল্লাহ আল মাসুদ আজকের পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টাল জাগো নিউজের ঝিনাইদহ প্রতিনিধি এবং মিরাজ জামান রাজ সাপ্তাহিক দুরন্ত প্রকাশের সম্পাদক।

ঘটনাটি ঘটেছে রোববার দুপুর দেড়টার সময় ঝিনাইদহ শহরের পাগলা কানাই মোড়ে।

সাংবাদিক আব্দুল্লাহ আল মাসুদ জানান, চলমান লকডাউনে বাস্তবায়নে পুলিশের সাথে স্কাউট সদস্যরা কাজ করছে। রোববার দুপুরে স্কাউটদের নিয়ে একটি স্পেশাল রিপোর্ট করার জন্য পাগলা কানাই মোড়ে যায়। সেখানে দ্বায়িত্বপ্রাপ্ত পুলিশ সদস্যদের অনুমোতি নিয়ে এক স্কাউট সদস্যের ভিডিও বক্তব্য নেয়া শুরু করি।

এসময় খানজাহান আলী নামে এক কনেস্টবল হঠাৎ উপস্থিত হয়ে বলে পুলিশের কোন ভিডিও নেওয়া যাবে না। তখন পুলিশকে জানিয়েছি আমরা তো আপনাদের বক্তব্য বা ভিডিও নিচ্ছি না, স্কাউট সদস্যদের বক্তব্য নিচ্ছি। এ কথা বলার পরই আমার হাতে থাকা ফোনটি কেড়ে নেন। এসময় আমার সাথে থাকা অপর সাংবাদিকের ফোনও কেড়ে নিয়ে ভিডিও ডিলিট করে দেন।

আমরা প্রেসক্লাবের সদস্য ও সাংবাদিক পরিচয় দিলে আরো ক্ষেপে গিয়ে ওই পুলিশ সদস্য বলেন, কিসের প্রেসক্লাব? এই বলে সাংবাদিকদের

নিয়ে অকথ্য ভাষায় গালমন্দ করতে থাকেন।

এসময় সেখানে উপস্থিত ছিলেন, কনেস্টবল আবুবকর, খান বাহাদুর রাকিব ও অর্ণব। ঘটনার পরপরই বিষয়টি পুলিশ সুপার, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ও ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতিকে অবহিত করেন ভুক্তভোগি দুই সাংবাদিক।

ঘটনাটি নিয়ে পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামকে জানালে তিনি জানান, এমন হওয়ার কথা না। আপনারা সম্ভবত পরিচয় দেননি। তারপরও বিষয়টি আমি দেখছি।

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

সরকার ঘোষিত শাটডাউনে চুয়াডাঙ্গায় কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

শনিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে এই মানবিক সহায়তা প্রদান করা হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই মানবিক সহায়তা প্রদান করেন।

এসময় চুয়াডাঙ্গা পৌরসভার ৪নং ওয়ার্ড এবং ৫ নং ওয়ার্ডের মোট ৪২০ জনের পরিবারের মাঝেই প্রধানমন্ত্রী এই উপহার সামগ্রী বিতরণ করেন।

এসময় জেলা প্রশাসক মোঃ নজরুল সরকার বলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের পাশাপাশি চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসন প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম অব্যাহত রেখেছে। সরকার ঘোষিত শাটডাউনের কর্মহীন হয়ে পড়া মানুষদেরকে প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রীর আওতায় আনা হবে। এ সময় তিনি সকলকে ঘরে থাকতে আহ্বান জানান। বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির না হওয়া এবং সরকার ঘোষিত শাটডাউন সফল করতে সকলের সহযোগিতা চান।

উক্ত প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ সাদিকুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা পৌরসভার ৪ নং ওয়ার্ড কাউন্সিলর মাহফিজুর রহমান মাফি সহ উপকারভোগী পরিবারের লোকজন।

এ সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহি অফিসার মোহাম্মদ সাদিকুর রহমান জানান সরকার ঘোষিত শাটডাউনের প্রথম দিন থেকে আজ পর্যন্ত চুয়াডাঙ্গা পৌরসভার মধ্যেই ২০৫০ জনের পরিবারের মাঝে এই প্রধানমন্ত্রীর উপর সামগ্রী বিতরণ করা হয়েছে। এই কার্যক্রম অব্যাহত থাকবে বলে তিনি জানান।

চুয়াডাঙ্গা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে বিপত্তি! লাশ হলেন মুন্না

চুয়াডাঙ্গার মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে লাশ হলেন মাইনুর রহমান মুন্না (২৭)। মাইনুর রহমান মুন্না চুয়াডাঙ্গা পৌরসভার হাট কালুগঞ্জের আব্দুল মোমেন (পোস্টমাস্টার) ছেলে।

মুন্না তার দুই সহপাঠী মিলে শনিবার দেড়টার সময় চুয়াডাঙ্গা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নামে। নদীতে অতিমাত্রার স্রোত থাকার কারণে এবং সাঁতার না জানার কারণে নদীতে ভেসে যেতে থাকে তারা। দুই সহপাঠী নদীর কূল পেলেও মুন্না পাই না নদীর কূল অতঃপর নদীতে তলিয়ে যায় মুন্না।

বিষয়টি জানাজানি শুরু হলে ফায়ার সার্ভিসের একদল চৌকস টিম নদীতে তাকে খুঁজতে থাকেন কিন্তু তার কোন প্রকার সন্ধান করতে পারে না তারা।

অতঃপর বেলা সাড়ে পাঁচটার সময় খুলনা থেকে ডুবরীর একদল চৌকস টিম এসে তাকে বেলা সাড়ে ছয় ঘটিকার সময় নদীতে তলিয়ে যাওয়া মৃত অবস্থায় তাকে উদ্ধার করে।

মেহেরপুরে এনটিভি’র প্রতিষ্ঠাবার্ষিকীতে মাস্ক ও গাছের চারা বিতরণ

হাটি হাটি করে বিভিন্ন চরাই উৎরােইর মধ্যে দিয়ে সাফল্যের সাথে ১৯ বছরে পর্দাপন করলো জনপ্রিয় টিভি চ্যালেন এনটিভি। ৩ জুলাই জনপ্রিয় এই টেলিভিশন চ্যানেলটির ১৮তম জন্মদিন । প্রতিবছর এ বিশেষ দিনটি অত্যন্ত জাঁকজমকপূর্ণ আয়োজনে উদযাপিত হয় ।

কোভিড -১৯ কারণে ব্যাক্তিগত ও সামাজিক সুরক্ষার কথা ভেবে এবার ভিন্ন আঙ্গীকে প্রতিষ্ঠা বার্ষীকী পালন করছে এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস।

শনিবার দুপুরে চ্যানেলটির জন্মদিন উপলক্ষ্যে মেহেরপুরে বিভিন্ন শ্রেণি পেশার মানুষের মাঝে মাস্ক ও গাছের চারা বিতরণ করা হয়। এসময় প্রায় এক’শ জনের মাঝে মাস্ক ও বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করেন এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস।

এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস বলেন, ১৮তম জন্মদিনে এনটিভির দর্শকমন্ডলী শুভানুধ্যায়ী ও বিজ্ঞাপন দাতাদের জানাচ্ছি অনেক অনেক শুভেচ্ছা। শুরু থেকেই নতুন নতুন রুচিশীল অনুষ্ঠান এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করে আসছে এনটিভি।

প্রতিষ্ঠানটির ১৯ বছর পূর্তি উপলক্ষে সকল সদস্য কলাকুশলী, সংবাদকর্মীসহ সংশ্লিষ্ট সবাইকে শুভেচ্ছা জানিয়ে এনটিভির উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন তিনি।